

২০২৫

বাংলা — সাম্মানিক

পত্র : SEC-1

(মুদ্রণ ও প্রকাশনা)

পূর্ণমান - ৭৫

প্রাপ্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।

উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়।

- ১। (ক) বাংলা যুক্তাক্ষরের বৈশিষ্ট্যগুলি উদাহরণসহ আলোচনা করো। ১৫

অথবা

- (খ) সম্পাদক কাকে বলে? একজন বিখ্যাত বাঙালি পত্রিকা সম্পাদকের নাম লেখো। সম্পাদকের দায়িত্ব সম্পর্কে বিশদে আলোচনা করো। ২+১+১২

- ২। (ক) বাংলা বানানের পরিকাঠামো নির্মাণে বিদ্যাসাগরের অবদান আলোচনা করো। ১৫

অথবা

- (খ) পশ্চিমবঙ্গ বাংলা আকাদেমির বানানবিধি কবে প্রথম চালু হয়? তৎসম ও অ-তৎসম শব্দের বানান সম্পর্কে বাংলা আকাদেমির নির্দেশগুলি উদাহরণসহ আলোচনা করো। ১+৭+৭

- ৩। (ক) গ্রন্থ কাকে বলে বুঝিয়ে দিয়ে গ্রন্থ সংশোধনের প্রয়োজনীয়তা সম্পর্কে আলোচনা করো। ১৫

অথবা

- (খ) প্রশ্নপত্রের শেষ পৃষ্ঠায় রয়েছে।

অথবা

(কেবলমাত্র দৃষ্টিহীন পড়ুয়াদের জন্য)

অশুদ্ধি সংশোধন করো —

শারিরিক, স্বার্থক, নীরিহ, মুহূর্ত, অগনণ, সরঞ্জাম, প্রথিবী, দুর্গা, অন্যায়, পরিস্কার, বিজ্ঞান, রহসময়, বাল্মিকি, শিরপীড়া, নরভূম। ১৫

- ৪। টীকা লেখো (যে-কোনো একটি)। ৫×১

(ক) পাণ্ডুলিপি

(খ) প্রচ্ছদ।

Please Turn Over

(5377)

৫। (ক) বাংলা বানান সংস্কারে কলকাতা বিশ্ববিদ্যালয়ের ভূমিকা সংক্ষেপে আলোচনা করো।

৫

অথবা

(খ) বিদেশি শব্দের বানানের ক্ষেত্রে পশ্চিমবঙ্গ বাংলা আকাদেমির প্রবর্তিত বিধিগুলি সংক্ষেপে উল্লেখ করো।

৫

৬। (ক) প্রফ সংশোধনের যে-কোনো পাঁচটি চিহ্নের প্রায়োগিক অর্থ উদাহরণ দিয়ে বুঝিয়ে দাও।

৫

অথবা

(খ) একজন দক্ষ প্রফ সংশোধনকারীর কী কী গুণ থাকা উচিত, সে বিষয়ে সংক্ষেপে আলোচন করো।

৫

অথবা

(কেবলমাত্র দৃষ্টিহীন পড়ুয়াদের জন্য)

অশুদ্ধি সংশোধন করো — নিরাশঙ্ক, সহযোগীতা, উজ্জল, জোৎস্না, ভূতপূর্ব।

৫

৭। পূর্ণবাক্যে সংক্ষিপ্ত উত্তর দাও।

১×১৫

(ক) 'অ্যানথলজি' শব্দটির উৎপত্তি হয়েছে কোন ভাষা থেকে?

(খ) কলিকাতা বিশ্ববিদ্যালয়ের প্রথম বানান সংস্কার সমিতির বানানবিধি পুস্তিকা কত সালে প্রকাশিত হয়?

(গ) পশ্চিমবঙ্গ বাংলা আকাদেমির বানানবিধি অনুযায়ী সঠিক বানানটি বেছে লেখো — খেলা/খ্যালা।

(ঘ) 'স্বী' শব্দের যুক্তাক্ষরটি বিকল্পিত করে দেখাও।

(ঙ) দুই মলাটের সংযোগস্থলকে কী বলে?

(চ) প্রফ সংশোধনে ডিলিট (Delete) বোঝাতে কোন চিহ্ন ব্যবহৃত হয়?

অথবা

(কেবলমাত্র দৃষ্টিহীন পড়ুয়াদের জন্য)

অশুদ্ধি সংশোধন করো — অনির্বান।

(ছ) ISBN-এর সম্পূর্ণ নাম কী?

(জ) প্রফ রিডিংয়ে ( ) চিহ্নটির অর্থ কী?

অথবা

(কেবলমাত্র দৃষ্টিহীন পড়ুয়াদের জন্য)

অশুদ্ধি সংশোধন করো — ভাগিরথী।

- (ঝ) পেপারব্যাক কাকে বলে?
- (ঞ) বইয়ের কপিরাইট বা গ্রন্থস্বত্ব যে পৃষ্ঠাটিতে মুদ্রিত থাকে সেটির নাম কী?
- (ট) 'ক্ষ' যুক্তাক্ষরটি দিয়ে একটি শব্দ লেখো।
- (ঠ) প্রুফ সংশোধনে দুটি পরস্পর সংলগ্ন শব্দের মধ্যে ফাঁক দিতে গেলে কোন চিহ্নটি ব্যবহৃত হয়?

অথবা

(কেবলমাত্র দৃষ্টিহীন পড়ুয়াদের জন্য)

অশুদ্ধি সংশোধন করো — অন্তহিত।

- (ড) বিবলিওগ্রাফিতে কীসের উল্লেখ থাকে?
- (ঢ) 'কার্যতঃ' — বানানটি পশ্চিমবঙ্গ বাংলা আকাদেমির বানানবিধি অনুযায়ী ভুল কেন?
- (ণ) গ্রন্থ পঞ্জীকরণের জন্য স্বাধীন ভারত সরকার কত খ্রিস্টাব্দে 'ডেলিভারি অব বুকস (পাবলিক লাইব্রেরি) অ্যাক্ট' আইনটি চালু করে?

## অথবা

৩। (খ) প্রশ্নের উত্তর প্রশ্নপত্রের এই পৃষ্ঠার উপরেই করতে হবে এবং উত্তরপত্রের শেষে সংযুক্ত করে দিতে হবে।

পরীক্ষার্থীর ক্রমিক সংখ্যা—

পরীক্ষার্থীর নথিভুক্তি সংখ্যা—

৩। (খ) প্রফ সংশোধন করো।

১৫

## মূল কপি

একদিন সন্ধ্যার একটু পরে তিনজন ফিরছি সাইকেলে রমনা বেড়িয়ে, আমি হিতাংশুর পিছনে, নির্জন পথে নিশ্চিন্তে গল্প চালিয়েছি, হঠাৎ হিতাংশু কথা বন্ধ করে সাইকেলের ওপর কী রকম কেঁপে উঠল, সঙ্গে সঙ্গে আমি প্রায় পড়ে যাচ্ছিলাম সাইকেল থেকে, টাল সামলাতে গিয়ে টেনে ধরলাম হিতাংশুর জামার গলা; ‘উঃ’ বলে সে নেমে পড়ল, আমি পায়ের তলায় মাটি পেলাম। সঙ্গে-সঙ্গে মোটা গলায় কে একজন বলে উঠলেন, ‘Take care young man!’ তাকিয়ে দেখি, ঠিক আমাদের সামনে দে-সাহেব দাঁড়িয়ে, আর তাঁর স্ত্রী—আর কন্যা। অসিত সাইকেলটা একটু ঘুরিয়ে এক পা মাটিতে ঠেকিয়ে চুপ করে আছে, তার মুখের ভাবটা বেশ বীরের মতো।

‘Really you must—’ বলতে বলতে দে-সাহেব হিতাংশুর মুখের ওপর চোখ রাখলেন।— ‘Oh it’s you! কেশব বাবুর ছেলে!’

‘আমি স্পষ্ট দেখলাম, হিতাংশুটা বোকার মতো ফ্যালফ্যাল করে তাকিয়ে আছে।’

## প্রফ কপি

একদিন সন্ধ্যার একটু পরে তিনজনে ফিরছি সাইকেলে রনা বেড়িয়ে, আমি হিতাংশুর পিছনে, নির্জন পথে নিশ্চিন্তে গল্প চালিয়েছি, হঠাৎ হিতাংশু কথা বন্ধ করে সাইকেলের ওপর কী রকম কেঁপে উঠল, সঙ্গে সঙ্গে আমি প্রায় পড়ে যাচ্ছিলাম সাইকেল থেকে, টাল সামলাতে গিয়ে টেনে ধরলাম হিতাংশুর জামার গলা; ‘উঃ’ বলে সে নেমে পড়ল, আমি পায়ের তলায় মাটি পেলাম সঙ্গে-সঙ্গে মোটা গলায় কে একজন বলে উঠলেন, ‘Take care young man!’ তাকিয়ে দেখি, ঠিক আমাদের সামনে দে-সাহেব দাঁড়িয়ে, আর তাঁর স্ত্রী—আর কন্যা। অসিত সাইকেলটা একটু ঘুরিয়ে এক পা মাটিতে ঠেকিয়ে চুপ করে আছে, তার মুখের ভাবটা বেশ বীরের মতো।

‘Really you must—’ বলতে বলতে দে-সাহেব হিতাংশুর মুখের ওপর চোখ রাখলেন।— ‘Oh it’s you! কেশব বাবুর ছেলে!’

‘আমি স্পষ্ট দেখলাম, হিতাংশুটা বোকার মতো ফ্যালফ্যাল করে তাকিয়ে আছে।’